দৈনিক
ইত্তেফাক

তারিখ 13 MAY 2015
পৃষ্ঠা ৩ কলাম ২

# বুয়েটে ছাত্রলীগের কর্মসূচি স্থগিত

■ বিশ্ববিদ্যালয় রিপোর্টার

বুয়েট শাখা ছাত্রলীগের সভাপতি শুভ্রজ্যোতি টিকাদার ও সাধারণ সম্পাদক আবু সাঈদ কনকের বহিষ্কারাদেশের বিরুদ্ধে হাইকোর্ট রুল দেয়ায় নিজেদের কর্মসূচি স্থগিত করেছে ছাত্রলীগ। মঙ্গলবার ছাত্রলীগের কেন্দ্রীয় দপ্তর সম্পাদক শেখ রাসেল স্বাক্ষরিত এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। প্রসঙ্গত, বুয়েট শাখা ছাত্রলীগের সভাপতি শুভ্র জ্যোতি টিকাদার ও সাধারণ সম্পাদক আবু সাঈদের আজীবন বহিষ্কারাদেশ প্রত্যাহার এবং কামারুজ্জামানের ফাঁসির রায় নিয়ে মন্তব্যকারী শিক্ষক জাহাঙ্গীর আলমের অপসারণ ও গ্রেফতার দাবিসহ ৫ দফা দাবিতে বুয়েট প্রশাসনকে আল্টিমেটাম দেয় ছাত্রলীগ।

সংবাদ বিজ্ঞপ্তিতে আরও বলা হয়, ১৯৭৪ সালের সীমানা চুক্তি বিল পাস এবং ব্রিটেনের পার্লামেন্ট নির্বাচনে বঙ্গবন্ধুর নাতনি টিউলিপ রেজওয়ান সিদ্দিক, রুশনারা আলী ও রূপা আশা হকের বিজয়ে আজ বুধবার সারাদেশের জেলা, শিক্ষা প্রতিষ্ঠানে ও বিভাগীয় পর্যায়ে এবং বৃহস্পতিবার সকল উপজেলায় আনন্দ মিছিল অনুষ্ঠিত হবে। কেন্দ্রীয়ভাবে আজ বুধবার সকাল ১১টায় মধুর ক্যান্টিন থেকে বর্ণাঢ্য শোভাযাত্রা বের করা হবে।